উত্তরঃ (c) ২৮

২৯। What letter in the word, 'SUPERFLUOUS' is the same number in the word as it is in the alphabet [BCS: 32th]

(a) R (b) F (c) L (d) U

উত্তরঃ (b) F

ব্যাখ্যাঃ SUPERFLUOUS শব্দে F প্রথম থেকে ষষ্ঠ অবস্থানে আছে। Alphabetic order এ ও F ষষ্ঠ অবস্থানে আছে।

৩০। Bangladesh, Maldives, India, Srilanka, Pakistan, Nepal- [BCS: 30th]

(a) B I M N P S (b) P I B N S M (c) N B I S P M (d) B M I S P N

উত্তরঃ (d) B M I S P N

৩১। THERMOLYSIS শব্দটির অক্ষর দ্বারা নিচের কোন শব্দটি তৈরি করা যাবে না। [BCS: 30th]

(a) SISTER (b) LOTUS (c) LORIS (d) LOITER

উত্তরঃ (b) LOTUS

৩২। নিচের কোন শব্দটি PHOTOSYNTHETIC শব্দটি দ্বারা গঠন করা যায় না। [BCS: 30th]

(a) THOSE (b) SCENT (c) PRONE (d) COTTON

উত্তরঃ (c) PRONE

৩৩। Who is to the immediate left of L. [BCS: 30th]

(a) Q (b) O (c) K (d) M

উত্তরঃ (c) K

ব্যাখ্যাঃ L এর বামদিকে নিকটতম (পূর্ববর্তী) বর্ণ K.

৩৪। ADMINISTRATION শব্দটি দ্বারা নিচের কোন শব্দটি গঠন করা যায় না? [BCS: 30th]

(a) STATION (b) TRADITION (c) MINISTER (d) RATION

উত্তরঃ (c) MINISTER

ঘড়ি সংক্রান্ত (সময় ও ডিগ্রি)

গুরুত্বপূর্ণ তথ্যসম্ভার:

১. ঘড়ির কেন্দ্রে উৎপন্ন কোণ 360°

২. ঘন্টার দুই দাগের মধ্যবর্তী কোণ 30°

৩. প্রতি মিনিটে / 60 সেকেন্ডে মিনিটের কাঁটা দ্বারা উৎপন্ন কোণ 6°

৪. প্রতি ঘন্টার ও মিনিটের কাঁটা সাধারণত ১ বার 0° কোণে ও 180° কোণে (এক সরলরেখায়) অবস্থান করে। কিন্তু প্রতি ঘ দুইবার লম্বভাবে অবস্থান করে।

৫. ঘড়ির ঘণ্টা ও মিনিটের কাঁটার মধ্যবর্তী কোণ, $\theta = \left|\frac{11\times M - 60\times H}{2}\right|^{\circ}$

এখানে, M= প্রদত্ত মিনিট, H প্রদত্ত ঘন্টা

(উৎপন্ন কোণ যদি 180° অপেক্ষা বড় হয় তবে প্রাপ্ত কোণ 360° হতে বিয়োগ করতে হবে।)

কতিপয় উদাহরণঃ

০১। বেলা ২:৩০ ঘটিকার সময় ঘড়িতে ঘন্টা ও মিনিটের কাঁটা পরস্পর কত ডিগ্রি কোণ উৎপন্ন করবে?
(a) ৯০° (b) ১০৫° (c) ৬০° (d) ১২০°
উত্তরঃ (b) ১০৫°

০২। ঘড়িতে যখন ৭ টা বাজে তখন ঘন্টা ও মিনিটের কাঁটা দুটির মধ্যবর্তী কোণ কত ডিগ্রি ?
(a) ৯০° (b) ১২০° (c) ১৫০° (d) ১৮০°
উত্তরঃ (c) ১৫০°

০৩। বেলা ৩টায় একটি ঘড়ির ঘন্টা ও মিনিটের কাঁটার মধ্যবর্তী কোণের মাণ কত ?
(a) π (b) $\frac{\pi}{4}$ (c) $\frac{\pi}{3}$ (d) $\frac{\pi}{2}$
উত্তরঃ (d) $\frac{\pi}{2}$

০৪। ১ ঘণ্টা ২০ মিনিট, ৪ ঘণ্টার কত অংশ?
(a) $\frac{১}{৩}$ (b) $\frac{২}{৩}$ অংশ (c) $\frac{১}{৪}$ অংশ (d) $\frac{৩}{৪}$ অংশ
উত্তরঃ (a) $\frac{১}{৩}$
ব্যাখ্যাঃ $\frac{\text{১ ঘণ্টা ২০ মিনিট}}{\text{৪ ঘণ্টা}} = \frac{\text{(৬০+২০) মিনিট}}{\text{(৬০×৪) মিনিট}} = \frac{৮০}{২৪০} = \frac{১}{৩}$

বিগত বছরের প্রশ্নসমূহঃ

০১। ঢাকার গ্রিনিচ সময় GMT + 6। লন্ডনে যখন সকাল 9 ঘটিকা, ঢাকার সময় তখন কত? [JU-B: 18-19]
(a) বিকাল 3 ঘটিকা (b) সকাল 6 ঘটিকা (c) রাত 3 ঘটিকা (d) সন্ধ্যা 6 ঘটিকা
উত্তরঃ (a) বিকাল 3 ঘটিকা
ব্যাখ্যাঃ ঢাকার সময় = 9 - 6 = 3 ঘটিকা (রাত)
∵ সকাল 9 টা থেকে 6 ঘণ্টা পিছনে অবশ্যই রাত হতো

০২। ঘড়িতে যখন নয়টা বাজে মিনিট ও ঘণ্টার কাঁটার মধ্যে কত ডিগ্রি কোণ উৎপন্ন হয়? [JU-B: 16-17]
(a) 180° (b) 120° (c) 90° (d) 60°
উত্তরঃ (c) 90°

০৩। একটা দেয়াল ঘড়িতে যখন তিনটা বাজে তখন ঘণ্টার কাটা যদি পূর্ব দিকে থাকে তবে মিনিটের কাটা কোন দিকে থাকবে?
(a) পশ্চিম (b) উত্তর (c) পূর্ব (d) দক্ষিণ [JU-B: 16-17]
উত্তরঃ (b) উত্তর

০৪। ঘড়িতে যখন দশটা বাজে মিনিট ও ঘণ্টার কাটার মধ্যে কত ডিগ্রি কোণ উৎপন্ন হয়? [JU-B: 16-17]
(a) ১৫০° (b) ১০০° (c) ৯০° (d) ৬০°
উত্তরঃ (d) ৬০°

০৫। ঘড়িতে যখন নয়টা বাজে মিনিট ও ঘণ্টার কাঁটার মধ্যে কত ডিগ্রি কোণ উৎপন্ন হয়? [JU-B: 16-17]
(a) 180° (b) 120° (c) 90° (d) 60°
উত্তরঃ (c) 90°

০৬। একটা দেয়াল ঘড়িতে যখন তিনটা বাজে তখন ঘণ্টার কাটা যদি পূর্ব দিকে থাকে তবে মিনিটের কাটা কোন দিকে থাকবে?
(a) পশ্চিম (b) উত্তর (c) পূর্ব (d) দক্ষিণ [JU-B: 16-17]
উত্তরঃ (b) উত্তর

০৭। ঘড়িতে যখন ৮ টা বাজে তখন ঘণ্টার কাঁটা ও মিনিটের কাঁটার মধ্যবর্তী কোণ কত ডিগ্রি হবে? [BCS: 39th]
(a) ৯০° (b) ৯৫° (c) ১০৫° (d) ১১০°
উত্তরঃ Blank.
ব্যাখ্যাঃ সঠিক উত্তর হবে ১২০°

মধ্যবর্তী কোণ $= \left|\frac{১১M - ৬০H}{২}\right|^\circ = \left|\frac{১১×০ - ৬০×৮}{২}\right|^\circ = \left|\frac{-৪৮০}{২}\right|^\circ$
$= |-২৪০| = ২৪০°$
∴ নির্ণেয় কোণ = ৩৬০° − ২৪০° = ১২০°

পঞ্জিকা

০১। যে সকল সাল/ বছর এর শেষ দুই অঙ্ক শূন্য (০) এবং ৪০০ দ্বারা নিঃশেষে বিভাজ্য যে বছরসমূহ লিপ ইয়ার। যে সকল সাল/বছর ৪ দ্বারা নিঃশেষ বিভাজ্য হয় সেগুরো লিপ ইয়ার / অধিবর্ষ।
০২। ১ বছর= ৫২ সপ্তাহ ১ দিন (সাধারণত) = ৫২ সপ্তাহ ২ দিন (লিপ ইয়ার)
০৩। সাধারণত বছরের প্রথম দিন (১ জানুয়ারি) এবং বছরের শেষদিন (৩১ ডিসেম্বর) সপ্তাহের একই বার হয়।
০৪। লিপ ইয়ারে বছরের প্রথম দিন সপ্তাহের যে বার হয় বছরের শেষ দিন তার পরের বার হয়।
০৫। সাধারণত একই তারিখে পূর্বের বছর সপ্তাহের যে দিন/ বার হয় পরের বছর তার পরের দিন / বার হয় যেমন- ২০১৪ এর ১৪ এপ্রিল সোমবার হলে ২০১৫ এর ১৪ এপ্রিল মঙ্গলবার হবে।
০৬। যদি পূবের বছর লিপ ইয়ার হয় তবে ফেব্রুয়ারি মাসের পরের তারিখের জন্য পরের বছর সপ্তাহের দিন/বার ১ বৃদ্ধি পাবে এবং জানুয়ারি- ফেব্রুয়ারি মাসের যেকোন তারিখের জন্য সপ্তাহের বার/দিন ২ বৃদ্ধি পাবে। যেমন ২০১৬ এর ১২ ফেব্রুয়ারি শুক্রবার হলে ২০১৭ এর ১২ ফেব্রুয়ারি রবিবার কিন্তু ২০১৬ এর ১৪ এপ্রিল বৃহস্পতিবার হলে ২০১৭ এর ১৪ এপ্রিল শুক্রবার।
০৭। যদি পরের বছর লিপ ইয়ার হয় তবে জানুয়ারি-ফেব্রুয়ারি মাসের যেকোনো তারিখের জন্য পূর্বের বছর অপেক্ষা পরের বছর সপ্তাহের দিন/বার ১ বৃদ্ধি পাবে এবং ফেব্রুয়ারি মাসের পরের যেকোনা তারিখের জন্য পূর্বের বছর অপেক্ষা পরের বছর সপ্তাহের দিন/বার ২ বৃদ্ধি পাবে। যেমন- ২০১৫ এর ১২ ফেব্রুয়ারি বৃহস্পতিবার হলে ২০১৬ এর ১২ ফেব্রুয়ারি শুক্রবার। কিন্তু ২০১৫ এর ১৪ এপ্রিল মঙ্গলবার হলে ২০১৬ এর ১৪ এপ্রিল বৃহস্পতিবার।
০৮। মাসের ১ম দিন, ৮ম দিন, ১৫তম দিন ও ২২ তম দিন ও ২৯ তম দিন একই বার হয়।
০৯। কোনো মাসের যে কোনো তারিখ হতে ৭ দিন যোগ বা বিয়োগ করলে সপ্তাহের একই বার হয়।
১০। শতাব্দীর শেষ দিন কখনো মঙ্গলবার, বৃহস্পতিবার বা শনিবার হয় না।

কতিপয় উদাহরণঃ

০১। ১৯৯৪ সালের ১ ডিসেম্বর বৃহস্পতিবার হরে, ১৯৯৫ সালে ঐ একই তারিখে হবে-
(a) বৃহস্পতিবার (b) শুক্রবার (c) রবিবার (d) শনিবার
উত্তরঃ (b) শুক্রবার
ব্যাখ্যাঃ ১৯৯৫ সাল লিপ ইয়ার নয়। ১৯৯৪ সালের ১ ডিসেম্বর বৃহস্পতিবার অর্থাৎ ১৯৯৫ সালের ১ ডিসেম্বর শুক্রবার।

০২। ১৯৯০ সালের ১ ফেব্রুয়ারি যদি বৃহস্পতিবার হয় তাহলে ১৯৯১ সালের ১ ফেব্রুয়ারি কী বার হবে?
(a) বুধবার (b) শুক্রবার (c) শনিবার (d) বৃহস্পতিবার
উত্তরঃ (b) শুক্রবার
ব্যাখ্যাঃ ১৯৯০ সাল অধিবর্ষ নয়। সুতারং ১৯৯০ সালের ১ ফেব্রুয়ারি বৃহস্পতিবার হলে ১৯৯১ সালের ১ ফেব্রুয়ারি শুক্রবার হবে অর্থাৎ ১ দিন পরের বার হবে।

০৩। ১৫ দিন আগে সুফিয়া বলেছিল, "আগামী পরশু আমার জন্মদিন।" আজ ৩০ তারিখ হলে কোন তারিখে সুফিয়ার জন্মদিন?
(a) ১৪ (b) ১৫ (c) ১৬ (d) ১৭
উত্তরঃ (d) ১৭
ব্যাখ্যাঃ ১৫ দিন আগের তারিখ = ৩০ - ১৫= ১৫
আগামী পরশু অর্থাৎ জন্মদিন = (১৫+২) = ১৭

০৪। যদি মাসের ১ম দিন শুক্রবার হয়, তবে মাসের ১২ তম দিন -
(a) Sunday (b) Tuesday (c) Wednesday (d) Monday
উত্তরঃ (b) Tuesday
ব্যাখ্যাঃ ১ম দিন Friday (শুক্রবার) ∴৭ × ১ + ১) = ৮ তম দিন Friday. ∴ ১২ তম দিন = ৪ তম দিন = Tuesday (মঙ্গলবার)
[Friday + (৮+৪) day]

বিগত বছরের প্রশ্নসমূহঃ

০১। আগামী পরশুর পরের দিন যদি রবিবার হয় তবে, গতকালের আগের দিন কি বার ছিল? [BCS: 38th]

(a) সোমবার (b) মঙ্গলবার (c) বৃহস্পতিবার (d) শনিবার

উত্তরঃ (b) মঙ্গলবার

ব্যাখ্যাঃ

মঙ্গল	বুধ	বৃহস্পতি	শুক্র	শনি	রবিবার
↓	↓	↓	↓	↓	↓
গতকালের আগের দিন	গতকাল	আজ	আগামীকাল	পরশু	পরশুর পরের দিন

∴ নির্ণেয় দিন মঙ্গলবার।

০২। ১৯৯৪ সালের ১ ডিসেম্বর বৃহস্পতিবার হলে ১৯৯৫ সালের একই তারিখ কি বার হবে? [BCS: 38th]

(a) বৃহস্পতিবার (b) শুক্রবার (c) বুধবার (d) শনিবার

উত্তরঃ (b) শুক্রবার

ব্যাখ্যাঃ ১৯৯৫ সাল লিপ ইয়ার নয়

মোট সময় ৩৬৫ দিন

৩৬৫ – ৭ = ৫২ সপ্তাহ ১ দিন

১৯৯৫ সালের ৩০ নভেম্বর বৃহস্পতিবার

অর্থাৎ ১৯৯৫ সালের ১ ডিসেম্বর শুক্রবার।

০৩। ২০০৯ সালের ২৮ আগস্ট শুক্রবার ছিল। ওই বছরের ১ অক্টোবর কী বার ছিল? [BCS: 35th]

(a) বুধবার (b) বৃহস্পতিবার (c) শুক্রবার (d) শনিবার

উত্তরঃ (b) বৃহস্পতিবার

ব্যাখ্যাঃ আগস্ট মাস = ৩১ দিন ∴ আগস্ট মাসে দিন বাকি (৩১-২৮) =৩ দিন সেপ্টেম্বর মাস= ৩০ দিন

∴ মোট দিনের পার্থক্য (৩+৩০+১) = ৩৪

=৭ × ৪ + ৬ দিন। শুক্রবারের পরে সপ্তাহের ৬ষ্ঠ দিন বৃহস্পতিবার।

০৪। ১৭ দিন আগে আবদুর রহিম বলেছিল যে তার জন্মদিন আগামীকাল। আজ ২৩ তারিখ হলে তার জন্মদিন কোন তারিখে? [BCS: 34th]

(a) ৭ (b) ৮ (c) ৯ (d) ১০

উত্তরঃ (a) ৭

ব্যাখ্যাঃ আজ থেকে ১ দিন আগে হলে গতকাল মানে ২২ তারিখ। এভাবে ১৭ দিন আগে ৬ তারিখ হবে। তার সাথে ১ দিন যোগ হবে। ২৩- ১৭=৬ + আগামীকাল = ৬+১=৭ তারিখ।

০৫। If the second day of the month is a Monday, the eighteenth day of the month is a- [BCS: 28th]

(a) Sunday (b) Tuesday (c) Wednesday (d) Monday

উত্তরঃ (c) Wednesday

সিরিজ

অনুক্রম: (Sequence) কতগুলো সংখ্যা বা রাশি একটা বিশেষ নিয়মে ক্রমান্বয়ে এমনভাবে সাজানো হয় যে প্রত্যেক রাশি তার পূর্বের পদ ও পরের পদের সাথে কিভাবে সম্পর্কিত তা জানা যায়। এভাবে সাজানো রাশিগুলোর সেটকে অনুক্রম (Sequence) বলা হয়। যেমন: 3, 5, 9 15, 23, 33 ....

অন্যভাবে, যদি কতগুলো সংখ্যা বা রাশিকে প্রথম, দ্বিতীয়, তৃতীয় এভাবে পর পর সাজানো যায়, তাহলে একটি অনুক্রম পাওয়া যায়।

ধারা: কোনো অনুক্রমের পদগুলো পরপর '+' চিহ্ন দ্বারা যুক্ত করলে একটি ধারা পাওয়া যায়। যেমন: 1 + 3 + 5 + 7 + 9 + 11 একটি ধারা।

সমান্তর ধারার ক্ষেত্রে নিম্নোক্ত কাজগুলো করতে হয়:

(i) ১ম পদ (First term) = a, এবং সাধারণ অন্তর d হলে, n তম পদ = a + (n-1) d

(ii) পদ সংখ্যা = $\frac{\text{শেষ পদ} - \text{১ম পদ}}{\text{সা.অন্তর}}$ (প্রয়োজন: ১ম পদ, শেষ পদ ও সাধারণত অন্তর)

(iii) ধারাটির সমষ্টি = $\left(\frac{\text{শেষ পদ}+\text{১ম পদ}}{2}\right)$ × পদসংখ্যা

০১। ক্রমিক সংখ্যার সমষ্টি নির্ণয়

প্রয়োজনীয় সূত্রাবলী:

(i) $1 + 2 + 3 + \cdots + n = \frac{n(n+1)}{2}$

(ii) $1^2 + 2^2 + 3^2 + \cdots + n^2 = \frac{n(n+1)(2n+1)}{6}$

(iii) $1^3 + 2^3 + 3^3 + \cdots + n^3 = \left\{\frac{n(n+1)}{2}\right\}^2 = \left\{\frac{n^2(n+1)^2}{4}\right\}$

(iv) $1 + 3 + 5 \ldots + (2n - 1) = n^2$ [এখানে n = পদ সংখ্যা]

(v) $2 + 4 + 6 \ldots + 2n = n(n + 1)$ [এখানে n = পদ সংখ্যা]

০২। ধারার অজানা পদ নির্ণয়

কৌশল: ১

পূর্ববর্তী সংখ্যা × স্থির সংখ্যা (প্রথম সংখ্যা) = পরবর্তী সংখ্যা

⇒ ২, ৪, ৮, ১৬... ধারাটির দশম পদ কত?

উত্তরঃ ৫১২

কৌশল: ২

দ্বিতীয় সংখ্যা + তৃতীয় সংখ্যা = চতুর্থ সংখ্যা

⇒ ১, ৩, ৪, ৭, ১১, ... ধারাটির পরবর্তী সংখ্যা কত?

উত্তরঃ ১৮

কৌশল: ৩

ধারার মধ্যবর্তী পদের পার্থক্য ২, ৩, ৪, ৫, ৬,...

⇒ ১, ২, ৪, ৭, ১১... ধারাটির নবম পদ কত?

উত্তরঃ ৩৭

কৌশল: ৪

ধারার মধ্যবর্তী পদের পার্থক্য ৩, ৫, ৭, ৯, ১১ ...

⇒ ৩, ৬, ১১, ১৮, ২৭... এর পরবর্তী সংখ্যাটি কত?

উত্তরঃ ৩৮

কৌশল: ৫

ধারার মধ্যবর্তী পদের পার্থক্য ৩, ৬, ১২, ২৪, ৪৮, ...

⇒ ৭, ১০, ১৬, ২৮, ৫২... ধারাটির পরবর্তী সংখ্যা কত?

উত্তরঃ ১০০

কৌশল: ৬

পূর্ববর্তী সংখ্যা × স্থির সংখ্যা ± পূর্ববর্তী সংখ্যা ক্রম/নির্দিষ্ট সংখ্যা = পরবর্তী সংখ্যা

⇒ নিম্নের ক্রমটির পরবর্তী সংখ্যা? ৫, ১৪, ৪০, ১১৭...

উত্তরঃ ৩৪৭

কৌশল-৭

ধারার মধ্যবর্তী পদের বর্গ বা সূচক পার্থক্য। যেমন : ২², ৩², ৪², ৫²...

⇒ ১, ৯, ২৫, ৪৯, ৮১.. ধারাটির পরবর্তী সংখ্যাটি কত?

উত্তরঃ ১২১

কৌশল: ৮

ধারায় দুটি সিরিজ থাকলে আলাদাভাবে মধ্যবর্তী পদের পার্থক্য...

⇒ ১, ৫, ৩, ৮, ... ধারাটির অষ্টম পদ কত?

উত্তরঃ ১৪

কৌশল: ৯

পূর্ববর্তী পদের সাথে পরবর্তী পদের ক্রম নং যোগ করে পদ নির্ণয়। যেমন: ১৩ নং পদ = ১২ নং পদ + ১৩

⇒ ১, ৩, ৬, ১০, ১৫, ২১, ... ধারাটির দশম পদ কত?

উত্তরঃ ৫৫

কৌশল: ১০

ধারা নির্দিষ্ট অনুপাতে বাড়ে বা কমে।

⇒ ২, ৬, ১০, ১৪, ... ধারাটির ৭ম পদ কত?

উত্তরঃ ২৬

বিগত বছরের প্রশ্নসমূহঃ

০১। ১৯, ৩৩, ৫১, ৭৩ এর পরবর্তী সংখ্যা? [CU-D: 19-20]

(a) ৮৫ (b) ১২১ (c) ৯৯ (d) ৯৮

উত্তরঃ (c) ৯৯

ব্যাখ্যাঃ ১৯, ৩৩, ৫১, ৭৩ এর পরবর্তী সংখ্যা হবে ৯৯।

- এখানে ১৯ এর সাথে ১৪ যোগ করে ৩৩ পাওয়া যায়।
- আবার ৩৩ এর সাথে (১৪ + ৪) = ১৮ যোগ করে ৫১ পাওয়া যায়।
- ৫১ এর সাথে (১৮ + ৪) = ২২ যোগ করে ৭৩ পাওয়া যায়।
- সুতরাং ৭৩ এর সাথে (২২ + ৪) = ২৬ যোগ করে ৯৯ পাওয়া যাবে।

০২। ১১১, ২২৩, ৩৩৫, ৪৪৭ এর পরবর্তী সংখ্যা? [CU-D: 19-20]

(a) ৫৫৭ (b) ৫৫৯ (c) ৫৫৮ (d) ৫৫৬

উত্তরঃ (b) ৫৫৯

ব্যাখ্যাঃ ১১১, ২২৩, ৩৩৫, ৪৪৭ এর পরবর্তী সংখ্যা হবে ৫৫৯।

- এখানে প্রত্যেক সংখ্যার সাথে ১১২ যোগ করে পরবর্তী সংখ্যা পাওয়া যায়।
- ১১১ এর পরবর্তী সংখ্যা (১১১ + ১১২) = ২২৩।
- ২২৩ এর পরবর্তী সংখ্যা (২২৩ + ১১২) = ৩৩৫।
- ৩৩৫ এর পরবর্তী সংখ্যা (৩৩৫ + ১১২) = ৪৪৭।
- সুতরাং ৪৪৭ এর পরবর্তী সংখ্যা হবে (৪৪৭ + ১১২) = ৫৫৯।

০৩। নিচের সিরিজের শূণ্যস্থানে কোন সংখ্যাটি বসবে? ৫, ৭, ১১, ১৭, —, ৩৫ [IU-B: 18-19]

(a) ২৩ (b) ২৫ (c) ১৯ (d) ৩৪

উত্তরঃ (b) ২৫

ব্যাখ্যাঃ ৫, ৫ + ২ = ৭, ৭ + ২ × ২ = ৭ + ৪ = ১১, ১১+ ২ × ৩ = ১১ + ৬ =১৭, ১৭ +২ × ৪= ১৭ +৮ = ২৫, ২৫ + ২ × ৫ =২৫ + ১০ = ৩৫

০৪। নিচের সিরিজে শূন্যস্থানে কোন সংখ্যাটি বসবে? ২, ৫, ১৫, ৫৪, ৫৭, — [IU-B: 18-19]

(a) ১৭১ (b) ১৬২ (c) ৫৯ (d) ৫৭

উত্তরঃ (a) ১৭১

ব্যাখ্যাঃ ২+৩ =৫, ৫×৩= ১৫, ১৫+৩=১৮, ১৮×৩= ৫৪, ৫৪+৩= ৫৭×৩=১৭১

০৫। নিচের সিরিজের শুণ্যস্থানে কোন সংখ্যাটি বসবে? ৩, ৫, ১৫, ১৭, ৫১, ৫৩, — [IU-B: 18-19]

(a) ১৫৩ (b) ১৫৯ (c) ১৫৩ (d) ৫৫

উত্তরঃ (b) ১৫৯

ব্যাখ্যাঃ ৩ + ২ = ৫

৫ × ৩ = ১৫

১৫ + ২ = ১৭

১৭ × ৩ = ৫১

৫১ + ২ = ৫৩

৫৩ × ৩ = ১৫৯।

০৬। 1,2,3,5,8,13,21,34,..... ধারাটির পরবর্তী সংখ্যা কত? [JU-B: 18-19]

(a) 55 (b) 68 (c) 40 (d) 49

উত্তরঃ (a) 55

ব্যাখ্যাঃ 1,2,3,5,8,13,21,34,..........

1+2 = 3; 2 + 3 = 5

3 + 5 = 8; 5 + 8 =13

8 + 13 = 21; 13 + 21= 34

21 + 34 = 55

০৭। পরের সংখ্যাটি কত: 121, 144, 169, – [JU-B: 17-18

(a) 196 (b) 225 (c) 256 (d) 179

উত্তরঃ (a) 196

ব্যাখ্যাঃ $11^2 = 121$

$12^2 = 144$

$13^2 = 169$

$14^2 = 196$

০৮। শূন্যস্থানে কী হবে: 2:4, 8:6, 16:7, 26:7.5, – [JU-B: 17-1

(a) 36.8 (b) 38:7.75 (c) 40:8.25 (d) 42:8.5

উত্তরঃ (b) 38:7.75

ব্যাখ্যাঃ প্রদত্ত অনুপাতগুলোর পূর্ব পদ হতে পাই

2 + 6 = 8 [২য় অনুপাতের পূর্ব পদ]

8 + (6 + 2) = 8 + 8 = 16 [৩য় অনুপাতের পূর্ব পদ]

16 + (8 + 2) = 16 + 10 = 26 [৪র্থ অনুপাতের পূর্ব পদ]

প্রদত্ত Option গুলোর মধ্যে B তেই শুধুমাত্র পূর্ব পদ 38।

০৯। শূন্যস্থানে কী হবে: 3:6, 9:8, 17:9, 27:9.5 ...... [JU-B: 17-1

(a) 41: 9.25 (b) 39:9.75 (c) 37:10 (d) 43:10.25

উত্তরঃ (b) 39:9.75

ব্যাখ্যাঃ প্রদত্ত Option গুলোর পূর্ব পদ হতে পাই

3 + 6 = 9 [যা ২য় অনুপাতের পূর্ব পদ]

9 + (6 + 2) = 9 + 8 = 17 [যা ৩য় অনুপাতের পূর্ব পদ]

17 + (8 + 2) = 17 + 10 = 27 [যা ৪র্থ অনুপাতের পূর্ব পদ]

27 + (10 + 2) = 27 + 12 = 39 [যা পরবর্তী অনুপাতের পূর্ব পদ হবে]

39 পূর্ব পদ বিশিষ্ট অনুপাত 39:9.75

১০। পরের সংখ্যাটি কত: 144, 169, 196, — [JU-B: 17-

(a) 218 (b) 256 (c) 289 (d) 225

উত্তরঃ (d) 225

ব্যাখ্যাঃ $12^2 = 144$

$13^2 = 169$

$14^2 = 196$

$15^2 = 225$

১১। শূন্যস্থানে কী হবে: 4:5, 6:7, 10:8, 16:8.5- [JU-B: 17-

(a) 24: 8.75 (b) 32:8.25 (c) 36:8.5 (d) 40:9

উত্তরঃ (a) 24: 8.75

ব্যাখ্যাঃ প্রদত্ত অনুপাতগুলোর পূর্ব পদ নিয়ে পাই,

$6 - 4 = 2 = 2 \times 1 = 2$

$10 - 6 = 4 = 2 \times 2 = 4$

$16 - 10 = 6 = 2 \times 3 = 6$

$24 - 16 = 8 = 2 \times 4 = 8$

অর্থাৎ, প্রদত্ত অনুপাতগুলোর পূর্ব পদ সমূহের অন্তর 2 ব্যবধিতে বৃদ্ধি পেয়েছে যা Option A এর অনুরূপ।

১২। পরের সংখ্যাটি কত: 169, 196, 225, --- [JU-B: 17-18]

(a) 256 (b) 244 (c) 269 (d) 289

উত্তরঃ (a) 256

ব্যাখ্যাঃ $13^2 = 169$

$14^2 = 196$

$15^2 = 225$

$16^2 = 256$

১৩। ৬,৮,১১,১৫,২৬,৩৩,৪১ এর পরের সংখ্যাটি কত? [IU-B: 16-17]

(a) ৪৮ (b) ৪৯ (c) ৫০ (d) ৫১

উত্তরঃ (c) ৫০


১৪। ১ থেকে ১০০ পর্যন্ত সংখ্যাসমূহের যোগফল কত? [BCS: 38th, 18th}

(a) ৪৯৯৯ (b) ৫৫০১ (c) ৫০৫০ (d) ৫০০১

উত্তরঃ (c) ৫০৫০

ব্যাখ্যাঃ ১ থেকে ১০০ পর্যন্ত সংখ্যাসমূহের যোগফল

$= \frac{১০০\times(১০০+১)}{২} = \frac{১০০\times১০১}{২} = ৫০ \times ১০১ = ৫০৫০$

১৫। 

[BCS: 38th]

(a) ১৬৪ (b) ৯৭ (c) ১৯১ (d) ১৩৭

উত্তরঃ (a) ১৬৪

ব্যাখ্যাঃ ১ম ক্ষেত্রে : $৩^২ + ৪^২ = ৯ + ১৬ = ২৫$

২য় ক্ষেত্রে : $৫^২ + ৬^২ = ২৫ + ৩৬ = ৬১$

$\therefore$ ৩য় ক্ষেত্রে : $১০^২ + ৮^২ = ১০০ + ৬৪ = ১৬৪$

১৬। কোন সংখ্যাটি নিম্নোক্ত ধারায় অন্তর্ভুক্ত নয়? [BCS: 38th]

১ – ২ – ৫ – ১০ – ১৩ – ২৬ – ২৯ – ৪৮

(a) ১ (b) ১০ (c) ২৯ (d) ৪৮

উত্তরঃ (d) ৪৮

ব্যাখ্যাঃ এখানে দুটি ধারা বিদ্যমান :

১ম ধারা : ১ ৫ ১৩ ২৯ <u>৬১</u>

অন্তর : ৪ ৮ ১৬ <u>৩২</u>

২য় ধারা : ২ ১০ ২৬ <u>৫৮</u>

অন্তর : ৮ ১৬ <u>৩২</u>

অতএব, ধারাটি হবে : ১ ২ ৫ ১০ ১৩ ২৬ ২৯ <u>৫৮</u> <u>৬১</u>

$\therefore$ ৪৮ প্রদত্ত ধারার অন্তর্ভুক্ত নয়।

১৭। ৩, ৭, ৪, ১৪, ৫, ২১, ৬ ধারার অষ্টম সংখ্যাটি কত হবে? [BCS: 36th]

(a) ২৯ (b) ৩০ (c) ২৮ (d) ৩১

উত্তরঃ (c) ২৮

১৮। নিচের নম্বর সিরিজে কোনটি বসবে? ১, ২, ৮, ৪৮, ৩৮৪, — [BCS: 35th]

(a) ১৯৮০ (b) ২৮৪০ (c) ৩৮৪০ (d) ৪৬২০

উত্তরঃ (c) ৩৮৪০

১৯। ০.০৩, ০.১২, ০.৪৮ ..... শূন্যস্থানে সংখ্যাটি কত হবে? [BCS: 34th]
(a) ০.৯৬ (b) .১৪৮ (c) ১.৯২ (d) ১.৫০

উত্তরঃ (c) ১.৯২
ব্যাখ্যাঃ ০.০৩ × ৪ = ০.১২; ০.১২ × ৪ = ০.৪৮ × ৪ = ১.৯২

২০। ১, ২, ৩, ৫, ৮, ১৩, ২১, ৩৪ ..... ধারাটির পরবর্তী সংখ্যাটি কত? [BCS: 34th, 26th, 32th]
(a) ৫৫ (b) ৪০ (c) ৬৮ (d) ৮৯

উত্তরঃ (a) ৫৫

২১। ১, ৩, ৬, ১০, ১৫, ২১ ..... ধারার দশম পদ কত? [BCS: 26th]
(a) ৪৫ (b) ৫৫ (c) ৬২ (d) ৬৫

উত্তরঃ (b) ৫৫

২২। ১ থেকে ৯৯ পর্যন্ত সংখ্যাগুলোর যোগফল কত? [BCS: 25th]
(a) ৪৯৫০ (b) ৫৫০১ (c) ৫০৫০ (d) ৫০০১

উত্তরঃ (a) ৪৯৫০

২৩। ১, ১, ২, ৩, ৫, ৮ ..... এই ধারার অষ্টম পদ কত? [BCS: 24th]
(a) ২১ (b) ১৩ (c) ১৯ (d) ১৬

উত্তরঃ (a) ২১

২৪। ৮১, ২৭, ... ৩, ১ লুপ্ত সংখ্যাটি কত?/ Find the missing number of the series: [BCS: 17th]
(a) ৬ (b) ৯ (c) ১২ (d) ১৫

উত্তরঃ (b) ৯
ব্যাখ্যাঃ $৩^৪$ = ৮১, $৩^৩$ = ২৭, $৩^২$ = ৯, $৩^১$ = ৩, $৩^০$ = ১

শুদ্ধ বানান

❖ যে- কোনো দেশ, ভাষা ও জাতির নাম লিখতে ই-কার (ি) হবে। যেমনঃ
দেশঃ গ্রিস, জার্মানি, ইতালি, হাঙ্গেরি ইত্যাদি।
ভাষাঃ হিন্দি, আরবি, ফারসি ইত্যাদি।
জাতিঃ বাঙ্গালি, পর্তুগিজ, তুর্কি ইত্যাদি।

❖ অপ্রাণিবাচক শব্দ ও ইতরপ্রাণিবাচক অতৎসম শব্দের শেষে ই-কার (ি) হবে। যেমনঃ
অপ্রাণিবাচক শব্দঃ বাড়ি, গাড়ি, শাড়ি, চাবি ইত্যাদি।
ইতর প্রাণিবাচক শব্দঃ পাখি, হাতি, চড়ুই, মুরগি ইত্যাদি।

❖ তৎসম স্ত্রীবাচক শব্দের শেষে সর্বদা ঈ-কার হবে।
যেমনঃ জননী, স্ত্রী, নারী, সাধ্বী ইত্যাদি।

❖ শব্দের শেষে জগৎ, বাচক, বিদ্যা, সভা, ত্ব, তা, নী ণী, পরিষদ, তত্ত্ব ইত্যাদি থাকলে তার পূর্বে ঈ-কার না হয়ে সাধারণত ই-কার হয়।
যেমনঃ প্রাণিবিদ্যা, প্রাণিবাচক, স্থায়িত্ব, প্রতিদ্বন্দ্বিতা, মন্ত্রিপরিষদ, তপস্বিনী, অধিকারিণী, প্রতিযোগিতা, সহযোগিতা ইত্যাদি।

❖ ক খ গ ঘ পরে থাকলে পদের অন্তস্থিত ম্ স্থানে অনুস্বর (ং) লেখা যাবে। যেমনঃ অহংকার, ভয়ংকর, সংগৃহীত, শুভংকর, হৃদয়ংগম, সংঘটন। বিকল্পে ঙ লেখা যাবে।
ক্ষ-এর পূর্বে সর্বত্র ঙ্ হবে। যেমনঃ আকাঙ্ক্ষা।

❖ বিদেশী শব্দের বানানে ষ, ণ, ছ, ড়, ঢ়, এই পাঁচটি বর্ণ ব্যবহার করা যাবে না। যেমনঃ

অশুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ
ষ্টেশন	স্টেশন	কর্ণেল	কর্নেল
ব্যারিষ্টার	ব্যারিস্টার	গভর্ণর	গভর্নর
খ্রিষ্টাব্দ	খ্রিস্টাব্দ	ইছলাম	ইসলাম
ষ্টুডিও	স্টুডিও	বামুণ	বামুন

❖ রেফ পর ব্যঞ্জনবর্ণে দ্বিত্ব হবে না।

অশুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ
মাধুর্য্য	মাধুর্য	নির্দ্দিষ্ট	নির্দিষ্ট
কার্ত্তিক	কার্তিক	ধর্ম্মসভা	ধর্মসভা
কার্য্য	কার্য	পর্ব্বত	পর্বত

❖ বিস্ময়সূচক অব্যয় (যেমনঃ বাঃ/ছিঃ/উঃ ইত্যাদি) ছাড়া শব্দের শেষে বিসর্গ (ঃ) থাকবে না।

অশুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ
প্রধানতঃ	প্রধানত	বস্তুতঃ	বস্তুত
প্রায়শঃ	প্রায়শ	কার্যতঃ	কার্যত

❖ আলি প্রত্যয়যুক্ত শব্দে ই-কার হবে।

অশুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ
সোনালী	সোনালি	খেয়ালী	খেয়ালি
মিতালী	মিতালি	বর্ণালী	বর্ণালি

❖ স্ক/ ষ্ক সংক্রান্ত সমস্যাঃ

ই-যুক্ত বর্ণের পর সাধারণত 'ষ' হবে।
যেমনঃ আবিষ্কার, নিষ্কলঙ্ক, পরিষ্কার, নিষ্কর, জ্যোতিষ্ক ইত্যাদি। (ব্যতিক্রমঃ দুষ্কর, দুষ্কার্য)
অ-যুক্ত বা মুক্ত বর্ণের পরে সাধারণ 'স' হবে।
যেমনঃ নমস্কার, পুরস্কার, তিরস্কার ইত্যাদি।

➢ <u>লিঙ্গ-ঘটিত অশুদ্ধি:</u>

অশুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ
অধীনী	আধীনা	অর্ধাঙ্গিনী	অর্ধাঙ্গী
অনাথিনী	অনাথা	গোপিনী	গোপী
অভাগিনী	অভাগা	চাতকিনী	চাতকী
অপ্সরী	অপ্সরা	চতুর্থা	চতুর্থী (কন্যা)
অশ্বিনী	অশ্বী/ অশ্বা	ধার্মিকা	ধার্মিকী
দিগম্বরী	দিগম্বরা	নাগিনী	নাগী
নিরাপরাধিনী	নিরাপরাধা	পিশাচিনী	পিশাচী
নির্দোষিণী	নির্দোষা	বন্দিনী	বন্দী
পণ্ডিতানী	পণ্ডিতা	বিহঙ্গিনী	বিহঙ্গী
ভুজঙ্গিনী	ভুজঙ্গা	বৈবাহিকা	বৈবাহিকী
বিষহরী	বিষহরা	রজকিনা	রজকী
শিষ্যাণী	শিষ্যা	সর্পিনী	সর্পী
শুদ্রাণী	শূদ্রা/ শূদ্রী	সুকেশিনী	সুকেশী/সুকেশা

➢ <u>সন্ধিঘটিত অশুদ্ধি :</u>

অশুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ
অদ্যপি	অদ্যাপি	ব্যাবধান	ব্যবধান
উপরোক্ত	উপর্যুক্ত/উপরিউক্ত	ব্যপার	ব্যাপার
এতদ্বারা	এতদ্দ্বারা	বশম্বদ	বশংবদ
কিম্বা	কিংবা	বন্দোপাধ্যায়	বন্দ্যোপাধ্যায়

অশুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ
কিম্বদন্তী	কিংবদন্তী	মনোকষ্ট	মনঃকষ্ট
চক্ষুন্মীলন	চক্ষুরুন্মীলন	মন্তোষ	মনস্তোষ
জ্যোতীন্দ্র	জ্যোতিরিন্দ্র	মনরথ	মনোরথ
জগৎবন্ধু	জগবন্ধু	মনমোহন	মনোমোহন
জগচন্দ্র	জগৎচন্দ্র	মনযোগ	মনোযোগ
বাগেশ্বরী	বাগীশ্বরী	মনান্তর	মনোন্তর
তেজচন্দ্র	তেজশ্চন্দ্র	যশলাভ	যশোলাভ
তেজেন্দ্র	তেজ-ইন্দ্র	যশপ্রভা	যশঃপ্রভা
তিরষ্কার	তিরস্কার	শিরোপরি	শিরউপরি
দিগেন্দ্র	দিগিন্দ্র	শিরপীড়া	শিরঃপীড়া
দুরাবস্থা	দুরবস্থা	শরদেন্দু	শরদিন্দু
দুরাদৃষ্ট	দুরদৃষ্ট	শরচন্দ্র	শরৎচন্দ্র
নিরস	নীরস	শিরচ্ছেদ	শিরশ্ছেদ
নিস্ফল	নিষ্ফল	শ্রদ্ধাঞ্জলী	শ্রদ্ধাঞ্জলি
নিরোগ	নীরোগ	স্বয়ম্বর	স্বয়ংবর
পশ্বাধম	পশ্বধম	সন্মুখ	সম্মুখ
ব্যাবসা	ব্যবসা	লজ্জাস্কর	লজ্জাকর

➢ <u>প্রত্যয়ঘটিত অশুদ্ধি:</u>

অশুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ
একত্রিত	একত্র	ভাগ্যমান	ভাগ্যবান
ঐক্যতা	একতা/ ঐক্য	মহিমাময়	মহিমময়
উৎকর্ষতা	উৎকর্ষ	রূপসী	রূপীয়সী
দারিদ্রতা	দারিদ্র্য/ দারিদ্র/ দরিদ্রতা	লক্ষ্মীমান	লক্ষ্মীবান
দোষণীয়	দূষণীয়	সৌজন্যতা	সৌজন্য
নিন্দুক	নিন্দক	সিঞ্চিত	সিক্ত
পরিত্যজ্য	পরিত্যাজ্য	সিঞ্চন	সেচন
প্রযুজ্য	প্রযোজ্য	সৃজিত	সৃষ্ট
বিদ্যান	বিদ্বান	সখ্যতা	সখ্য
বরিত	বৃত		

➢ <u>বচন-ঘটিত অশুদ্ধি:</u> একই সঙ্গে দুবার বহুবচন বাচক প্রত্যয় বা শব্দ ব্যবহৃত হয় না।

অশুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ
নানাবিধ পক্ষীগণ	নানাবিধ পক্ষী	যাবতীয় লোকসমূহ	যাবতীয় লোক
সকল পরীক্ষকগণ	সকল পরীক্ষক/ পরীক্ষকগণ	যাবতীয় ভদ্রমহোদয়গণ	যাবতীয় ভদ্রমহোদয়/ ভদ্রমহোদয়গণ
সকল বালকেরা	সকল বালক/ বালকেরা	সুন্দর-সুন্দর বইগুলি	সুন্দর বইগুলি/ সুন্দর সুন্[illegible] বই
একশ' বালকগণ	একশ' বালক	ব্রাহ্মণগণেরা	ব্রাহ্মণগণ

➤ <u>সমাস-ঘটিত অশুদ্ধি:</u>

অশুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ
আকণ্ঠ পর্যন্ত	আকণ্ঠ	মৃগনয়নী	মৃগনয়না
আমরণ পর্যন্ত	আমরণ	সুলোচনী	সুলোচনা
আজানু পর্যন্ত লম্বিত	আজানুলম্বিত	সুকণ্ঠিনী	সুকণ্ঠি/ সুকণ্ঠা
নিষ্পাপী	নিষ্পাপ	শ্বেতাঙ্গিনী	শ্বেতাঙ্গী/শ্বেতাঙ্গা
নিরপরাধী	নিরপরাধ	মহারাজা	মহারাজ
নীর্দোষী	নীর্দোষ	মহাত্মাগণ	মহাত্মগণ
নিষ্কলঙ্কী	নিষ্কলঙ্ক	রাজাগণ	রাজগণ
নির্ধনী	নির্ধন	সতর্কিত	সতর্ক
নীরোগী	নীরোগ	সশঙ্কিত	সশঙ্ক/শঙ্কিত
নির্বিরোধী	নির্বিরোধ	সাবহিত	অবহিত
আরোহীগণ	আরোহিগণ	সকৃতজ্ঞ	কৃতজ্ঞ
কালীদাস	কালিদাস	সক্ষম	ক্ষম
গুণীগণ	গুণিগণ	সাপরাধী	অপরাধী
দেবীদাস	দেবিদাস	সানন্দিত	আনন্দিত
যোগীবৃন্দ	যোগিবৃন্দ	সবিনয়পূর্বক	বিনয়পূর্বক/ সবিনয়ে
শশীভূষণ	শশিভূষণ	সপ্রণত	প্রণত
স্বামীপুত্র	স্বামিপুত্র	গৃহীতা	গ্রহীতা
স্থায়ীভাবে	স্থায়িভাবে	পিতামাতা	মাতাপিতা
চণ্ডিদাস	চণ্ডীদাস	ভ্রাতাষ্পুত্র	ভ্রাতুষ্পুত্র
কেবলমাত্র	কেবল/ মাত্র	বীনাপানি	বীণাপাণি

➤ <u>অর্থ ও রীতিঘটিত অশুদ্ধি:</u>

অশুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ
অন্নকাপড়	অন্নবস্ত্র	অশ্রুজল	অশ্রু/ নেত্রজল
মড়াদাহ	শবদাহ	সমতুল্য	সম/ তুল্য
শব পোড়া	মড়াপোড়া	তথাপিও	তথাপি
কল্যাণবর	কল্যাণীয়বর	যদ্যাপিও	যদ্যপি
আগতকল্য	আগামীকল্য	কৌমারাবস্থ	কৌমার/ কুমারাবস্থা
আপ্রাণ	প্রাণপণ	প্রবীণ বৃক্ষ	প্রাচীনবৃক্ষ

➤ <u>সংযুক্ত-বর্ণঘটিত ভুল:</u>

অশুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ
ব্রাক্ষণ	ব্রাহ্মণ	অপরাহ্ন	অপরাহ্ণ
ব্রক্ষাণ্ড	ব্রহ্মাণ্ড	শক্রু (ক্+র+উ)	শত্রু (ত+র্+উ)
রাক্ষাস	রাক্ষস	ত্রুটি	ত্রুটি
যক্ষ্মা	যক্ষা	ক্রোধ	ক্রোধ
আহ্নিক	আহ্নিক	চক্র	চক্র
মধ্যাহ্ণ	মধ্যাহ্ন	আকাঙ্খা	আকাঙ্ক্ষা
সায়াহ্ণ	সায়াহ্ন	মুখস্ত	মুখস্থ
পূর্বাহ্ন	পূর্বাহ্ণ		

➤ <u>বিবিধ অশুদ্ধি:</u>

অশুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ
অদ্ভূত	অদ্ভুত	ব্যধি	ব্যাধি
অহোরাত্রি	অহোরাত্র	বৈশিষ্ট	বৈশিষ্ট্য
আয়ত্ত্ব	আয়ত্ত	ভৌগলিক	ভৌগোলিক
আশীষ	আশিস	মাদ্‌রাসা	মাদ্রাসা
ইতিপূর্বে	ইতিঃপূর্বে	মুহুর্মূহু	মুহুর্মুহু
ইতিমধ্যে	ইতোমধ্যে	মুহুর্ত	মুহূর্ত
উদ্বিঘ্ন	উদ্বিগ্ন	মুহ্যমান	মোহ্যমান
ঋৃষি	ঋষি	ভূল	ভুল
ঐক্যতান	ঐকতান	মৃণ্ময়	মৃন্ময়
কীর্তিবাস	কৃত্তিবাস	রুগ্ন	রুগ্‌ণ
গর্দ্ধভ	গর্দভ	লজ্জাস্কর	লজ্জাকর
গৃষ্ম	গ্রীষ্ম	লক্ষী	লক্ষ্মী
চলাকালীন সময়ে	চলাকালে	লক্ষণ	লক্ষ্মণ
জৈষ্ঠ	জ্যৈষ্ঠ	শশান	শ্মশান
জোৎস্না	জ্যোৎস্না	শশুর	শ্বশুর
তেজ্য	ত্যাজ্য	শ্বাশুড়ী	শাশুড়ি
দোষনীয়	দূষণীয়	শংসপ্তক	সংশপ্তক
দূর্গ	দুর্গ	সূচিস্মিতা	শুচিস্মিতা
দৌরাত্ব	দৌরাত্ম্য	সত্ত্বা	সত্তা
নৈঋত	নৈর্ঋত	সহরাঞ্চল	শহর অঞ্চল
পিচাশ	পিশাচ	সাড়থি	সারথি
পরমারাধ্যতম	আরাধ্যতম/ পরমারাধ্য	সামর্থ	সামর্থ্য

<u>বিগত বছরের প্রশ্নসমূহঃ</u>

০১। কোনটি শুদ্ধ বানান? [BCS: 4

(a) প্রজ্বল (b) প্রোজ্জল (c) প্রোজ্বল (d) প্রোজ্জ্বল

উত্তরঃ (d) প্রোজ্জ্বল।

ব্যাখ্যাঃ সংস্কৃত বিশেষণ পদ প্র + উজ্জ্বল = প্রোজ্জ্বল অর্থ বিশেষভাবে উজ্জ্বল।

০২। শুদ্ধ বানান কোনটি? [BCS: 4

(a) অধোগতি (b) অধঃগতি (c) অধগতি (d) অধোঃগতি

উত্তরঃ (a) অধোগতি।

ব্যাখ্যাঃ অ- কারের পরস্থিত স্‌ – জাত বিসর্গের পর ঘোষ অল্পপ্রাণ ও ঘোষ মহাপ্রাণ ব্যঞ্জনধ্বনি, নাসিক্যধ্বনি কিংবা অন্ত অন্তস্থ ব, র, ল, হ থাকলে অ- কার ও স্‌- জাত বিসর্গ উভয় স্থলে ও- কার হয়। যেমন- অধঃ + গতি = অধোগতি, মনঃ + গ মনোগত, বয়ঃ + জ্যেষ্ঠ = বয়োজ্যেষ্ঠ , সদ্যঃ + জাত = সদ্যোজাত ইত্যাদি।

০৩। কোন শব্দগুচ্ছ শুদ্ধ? [BCS: 4

(a) আয়ত্তাধীন, অহোরাত্রি, অদ্যপি (b) গড্ডালিকা, চিন্ময়, কল্যান

(c) গৃহন্ত, গণনা, ইদানিং (d) আবশ্যক, মিথস্ক্রিয়া, গীতালি

উত্তরঃ (d) আবশ্যক, মিথস্ক্রিয়া, গীতালি।

ব্যাখ্যাঃ অশুদ্ধ শব্দসমূহের শুদ্ধরূপ হচ্ছে – আয়ত্ত/অধীন, অদ্যাপি, অহোরাত্র, গড্ডলিকা, কল্যান, গৃহস্থ, ইদানীং।

০৪। কোন শব্দটি শুদ্ধ বানানে লেখা হয়েছে? [BCS: 38th]

(a) শূণ্য (b) ত্রিভুজ (c) পূন্য (d) ভুবন

উত্তরঃ (b) ত্রিভুজ।

ব্যাখ্যাঃ শূণ্য, পূন্য ও ভুবন বানান তিনটির শুদ্ধরূপ যথাক্রমে শূন্য, পুণ্য ও ভুবন। শব্দ তিনটিই সংস্কৃত কৃৎ প্রত্যয় সাধিত শব্দ।

০৫। কোনটি শুদ্ধ বানান? [BCS: 38th]


(a) স্বায়ত্ত্বশাসন (b) সায়ত্তশাসন (c) সায়ত্ত্বশাসন (d) স্বায়ত্বশাসন

উত্তরঃ Blank.

ব্যাখ্যাঃ [Note: প্রশ্নে উল্লিখিত চারটি অপশন-ই অশুদ্ধ। এর শুদ্ধ বানান স্বায়ত্তশাসন।]

যান্ত্রিক দক্ষতা

প্রথমিক ধারণা: কিছু কিছু সরল যন্ত্র আছে, যেমন – লিভার (Lever) , কপিকল (Pulleys) যেগুলোতে আমরা বল প্রয়োগ করলে ঐ যন্ত্রে তার কয়েকগুণ বল প্রযুক্ত হয়, যাতে আমাদের কাজ তুলনামূলকভাবে অনেকগুণ সহজ হয়ে যায়।



লিভারের ক্ষেত্রে সূত্র:


ফলাক্রম থেকে বাম বাহুর উপর প্রযুক্ত ওজন পর্যন্ত দূরত্ব × এর উপর প্রযুক্ত ওজন = ফালক্রম থেকে ডান বাহুর উপর প্রযুক্ত ওজন পর্যন্ত ×এর উপর প্রযুক্ত ওজন।

বা, $d_1 \times w_1 = d_2 \times w_2$ এখানে, d_1 = ফালক্রম থেকে বাম বাহুর উপর প্রযুক্ত ওজন পর্যন্ত দূরত্ব। d_2 = ফালক্রম থেকে ডান বাহুর উপর প্রযুক্ত ওজন পর্যন্ত দূরত্ব। w_1 = বাম বাহুর উপরে প্রযুক্ত ওজন। w_2 = ডান বাহুর উপর প্রযুক্ত ওজন।

কপিকল (Pulleys)



চিত্র: (Fixed pullye)



চিত্র: (Moveable pulley)

Fixed pulled (স্থির কপিকল) : এ ধরণের কপিকলে কোনো বাড়তি যান্ত্রিক সুবিধা পাওয়া যায় না। এখানে কোনো বস্তু উত্তোলন করতে সমপরিমাণ বল প্রয়োগ করতে হয়।

Moveable Pulley (চলনশীল কপিকল) : এ ধরনের কপিকলে বস্তুর ওজনের তুলনায় স্বল্প বল প্রয়োগ করলেই বস্তুটি উপরে তোলা যায়।

Pulley-এর সংখ্যা বাড়ালে আরো কম বল প্রয়োজন হয়।

সূত্র: প্রয়োজনীয় ওজন = $\dfrac{\text{প্রদত্ত ওজন}}{\text{ওজনটির ঝুলন্তরাশির শাখার সংখ্যা}}$

গিয়ার (Gear) :




চিত্র: (Gear-01)



চিত্র: (Gear-02)

গিয়ার হচ্ছে এক ধরনের কাটাযুক্ত / দাঁতযুক্ত চাকা যেগুলো পরস্পর একটার সাথে আরেকটা সংযুক্ত থেকে বলের দিক পরিবর্তন করতে পারে। পরস্পর সংযুক্ত দুটি দাঁতযুক্ত গিয়ারের (চিত্র: Gear-২) একটা এক দিকে (ঘড়ির কাটারদিকে, c/w) ঘুরলে অপরটি তার বিপরীত দিকে (ঘড়ির কাটার বিপরীত anti c/w) ঘুরবে। কিন্তু বেল্ট/ ফিতাযুক্ত পরস্পর সংযুক্ত দুইটি গিয়ারের ক্ষেত্রে (চিত্র Gear-1) দুইটা গিয়ারই একই দিকে ঘুরবে।




উপরের চিত্রে 1 ও 3 একই দিকে ঘুরবে এবং 2 ও 4 একই দিকে ঘুরবে।
⇒ যদি বিজোর সংখ্যক গিয়ার থেকে তাহলে প্রথমটি ও শেষটি একই দিকে ঘুরবে।
⇒ দুই গিয়ারের মধ্যে ছোট গিয়ারটি দ্রুত ঘুরবে।
⇒ সমান খাঁজ বিশিষ্ট পাশাপাশি যুক্ত দু'টি গিয়ারের গতি একই হয়।
⇒ পাশাপাশি যুক্ত দু'টি গিয়ারের মধ্যে কম খাঁজ বিশিষ্ট গিয়ারের গতি বেশি হয়।
⇒ পাশাপাশি যুক্ত খাঁজ বিশিষ্ট দু'টি গিয়ার একটি অপরটির বিপরীত দিকে ঘোরে।

বেল্টযুক্ত Wheel এর ক্ষেত্রে:
⇒ সাধারণত বেল্টযুক্ত Wheel গুলো একই দিকে ঘোরে।
বেল্ট Cross connection- এ থাকলে যুক্ত Wheel-গুলো একটি অপরটির বিপরীত দিকে ঘুরবে।
⇒ কম ব্যাস বিশিষ্ট Wheel গুলো দ্রুত ঘোরে।

<u>কতিপয় উদাহরণঃ</u>


০১। কোন ব্যক্তির ভার উত্তোলন করতে বেশি শক্তি প্রয়োগ করতে হবে?



(a) A (b) B (c) উভয়ের সমান (d) নির্ণয় করা সম্ভব নয়

উত্তরঃ (b) B
ব্যাখ্যাঃ A কপিকলে দুটি চাকা এবং B কপিকলে একটি চাকা থাকায় সমান ভরের বস্তু উঠাতে A কপিকল অপেক্ষা B কপিক বেশি শক্তি প্রয়োগ করতে হবে।

০২। কোন চিত্রের স্কেলে কম ওজন প্রদর্শন করবে?


A


B


(a) A চিত্র (b) B চিত্র (c) উভয়টিতে সমান (d) নির্ণয় করা সম্ভব নয়

উত্তরঃ (a) A চিত্র
ব্যাখ্যাঃ B অপেক্ষা A নং চিত্রে ৩০ কেজি ভরের বস্তুটি ওজন মাপক স্কেল হতে দূরে থাকায় A নং চিত্রের স্কেলে কম ওজন প্রদ করবে।

০৩। কোন ব্যক্তি বেশি ভার বহন করছে?




A B

(a) A (b) B (c) উভয়ে সমান (d) নির্ণয় করা সম্ভব নয়

উত্তরঃ (b) B

০৪। ভারসাম্য রক্ষা করতে নির্দেশিত স্থানে কত কেজি ওজন সংযুক্ত করতে হবে?



(a) 5 (b) 7.5 (c) 10 (d) 15

উত্তরঃ (a) 5
ব্যাখ্যাঃ উপস্থম্ভটি হতে 1 মি. বামে 10 কেজি ওজন সংযুক্ত থাকায় 2 মি. ডানে 5 কেজি ওজন সংযুক্ত করলে ভারসাম্য ঠিক থাকবে।

০৫। 60 পাউন্ডের ভার হতে কত ফুট দূরত্বে উপস্তম্ভটি রাখলে দন্ডটির ভারসাম্য ঠিক থাকবে?




(a) 9 (b) 7 (c) 14 (d) 12

উত্তরঃ (d) 12

ব্যাখ্যাঃ ওজন দুটির অনুপাত = 80 : 60 = 4 : 3 দূরত্বের অনুপাত 3 : 4 হলে ভারসাম্য ঠিক থাকবে।

∴ নির্ণেয় দূরত্ব = (9÷2) × 8 = 12 ফুট।

০৬। ওজনটি উঠাতে প্রায় কত শক্তির প্রয়োজন হবে?




(a) 24 Ibs (b) 10 Ibs (c) 48 Ibs (d) 12 Ibs

উত্তরঃ (d) 12 Ibs

ব্যাখ্যাঃ প্রদত্ত যন্ত্রের মাধ্যমে ওজন উঠাতে প্রায় অর্ধেক শক্তি প্রশমিত হবে। ফলে ওজনটি উঠাতে প্রায় অর্ধেক শক্তির প্রয়োজন হবে।

০৭। নিচের আবর্তনশীল চাকাদ্বয়ের কোনটি দ্রুত ঘুরবে?



(a) A (b) B (c) C (d) নির্ণয় করা সম্ভব নয়

উত্তরঃ (a) A

ব্যাখ্যাঃ একই চেইনে সংযুক্ত দুটি চাকা আবর্তনরত অবস্থায় বড়টি অপেক্ষা ছোটটি বেশি বার আবর্তন করবে। সুতরাং সবচেয়ে ছোট A চালকদণ্ডটি দ্রুত ঘুরবে।

০৮। নির্দেশিত কোনদিকে গিয়ারটি ঘুরবে?




(a) A নির্দেশিত দিকে (b) B নির্দেশিত দিকে (c) উভয় দিকে (d) নির্ণয় করা সম্ভব নয়

উত্তরঃ (a) A নির্দেশিত দিকে

ব্যাখ্যাঃ পাশাপাশি সংযুক্ত দুটি গিয়ার একটি অপরটির বিপরীত দিকে ঘুরবে। বাম পাশের গিয়ারটি ঘড়ির কাঁটার দিকে ঘুরে বিধায় ডানপাশের গিয়ারটি ঘড়ির কাঁটার বিপরীত A নির্দেশিত দিকে ঘুরবে।

০৯। যদি X চাকা ঘড়িরর কাঁটার দিকে ১০ আর.পি.এম. গতিতে ঘুরে তাহলে Y চাকা কিভাবে ঘুরবে?




(a) ঘড়ির কাঁটার বিপরীতে দ্রুত গতিতে (b) ঘড়ির কাঁটার দিকে ধীর গতিতে
(c) ঘড়ির কাঁটার দিকে দ্রুত গতিতে (d) ঘড়ির কাঁটার বিপরীতে ধীর গতিতে

উত্তরঃ (c) ঘড়ির কাঁটার দিকে দ্রুত গতিতে

ব্যাখ্যাঃ চেইনে সংযুক্ত প্রদত্ত চাকাগুলো একই দিকে (ঘড়ির কাঁটার দিকে ঘুরবে) আবার Y চাকা মাঝের চেয়ে ছোট হওয়ায় তা দ্রুত গতিতে ঘুরবে।

১০। Which is the most suitable tool for breaking up concrete?




(a) 1 (b) 2 (c) 3 (d) 4

উত্তরঃ (c) 3

রোলারের ওজন = F Sinθ – mg
সামনের বল = Fcosθ
অর্থাৎ টানার ক্ষেত্রে রোলারের ওজন কমে যাওয়ার কারণে রোলার ঠেলা অপেক্ষা

০২। ভারসাম্য রক্ষা করতে নির্দেশিত স্থানে কত কেজি রাখতে হবে?



(a) ১২০ (b) ১৪০ (c) ১৬০

উত্তরঃ (b) ১৪০।
ব্যাখ্যাঃ ধরি ভর ক কেজি
∴ ১০০ × ৭ = ৫ × ক
বা, ক = $\frac{৭০০}{৫}$ ∴ ক = ১৪০

০৩। একটি মোটা ও একটি চিকন হাতলওয়ালা স্ক্রু-ডাইভার দিয়ে একই মাপের দু
প্রবেশ করাতে চাইলে কোনটি ঘটবে।
(a) মোটা হাতলের ড্রাইভারকে বেশি বার ঘুরাতে হবে।
(b) চিকন হাতলের ড্রাইভারকে বেশি বার ঘুরাতে হবে।
(c) দু' টিকে একই সংখ্যকবার ঘুরাতে হবে।
(d) কোনটিই নয়।

উত্তরঃ (c) দু'টিকে একই সংখ্যকবার ঘুরাতে হবে
ব্যাখ্যাঃ স্ক্রু এবং স্ক্রু-ড্রাইভার দুটি পরস্পরের সাপেক্ষে স্থির থেকে ঘুরতে থাকে
ততবারই ঘুরবে। এতে স্ক্রু-ড্রাইভারের হাতল মোটা অথবা চিকনের সাথে সম্প
চেয়ে মোটা হাতল কম বল প্রয়োগ ঘোরানো যাবে।

০৪। কোনো নৌকাকে বেশি গতিতে চালাতে হলে, বৈঠা ব্যবহার করতে হবে-
(a) পিছনে (b) সামনে (c) ডান পার্শ্বে

উত্তরঃ (a) পিছনে
ব্যাখ্যাঃ নৌকার পেছনে বসে নৌকা চালনা করলে নৌকা দ্রুত চলে। পেছনে ব
সামান্য অংশ পানির তল হতে একটু উপরে অবস্থান করে। ফলে নৌকা সামনে
পায়। এতে নৌকা দ্রুত চলে। নৌকার সামনের দিকে বসলে প্রয়োগকৃত বলের
রাখা তুলনামূলক কষ্টকর হয়। তাই সামনে বসে দ্রুত নৌকা চালানো অসুবিধাজ

০৫। একটি লন রোলারকে যদি দুইজন ব্যক্তির একজন টেনে নেয় ও একজন ঠেলে নেয়, তবে কার বেশি কষ্ট হবে? [BCS: 37th]


(a) টেনে নেয়া ব্যক্তির
(b) ঠেলে নেয়া ব্যক্তির
(c) দু' জনের সমনা কষ্ট হবে
(d) কোনটিই নয়

উত্তরঃ (b) ঠেলে নেয়া ব্যক্তির

লন রোলার টানার ক্ষেত্রে, প্রকৃত ওজন = mg কার্যকর ওজন = mg- F Sin θ সামনের দিকে কার্যকর বল F cose θ	লন রোলার ঠেলার ক্ষেত্রে, প্রকৃত ওজন mg কার্যকর ওজন = mg + F Sin θ সামনের দিকে কার্যকর বল = F cose θ

অর্থাৎ ঠেলার ক্ষেত্রে রোলারের কার্যকর ওজন বেড়ে যাওয়ার কারনে লন রোলার টেনে নেওয়া।

০৬। ভারসাম্য রক্ষা করতে নিচের চিত্রে বামদিকে কত ওজন রাখতে হবে? [BCS: 36th]



(a) ৪ কেজি
(b) ৬ কেজি
(c) ৮ কেজি
(d) ১০ কেজি

উত্তরঃ (c) ৮ কেজি

ব্যাখ্যাঃ ডানদিকে ওজনের পরিমাণ ৪ মিটারের জন্য ৬ কেজি। সুতরাং বামদিকে ওজনের পরিমাণ ৩ মিটারের জন্য ৮ কেজি। যেহেতু,

$$\text{যান্ত্রিক সুবিধা} = \frac{\text{ভার}}{\text{বল}} = \frac{\text{বল বাহুর দৈর্ঘ্য}}{\text{ভার বাহুর দৈর্ঘ্য}}$$


০৭। সমুদ্রের পানিতে সাঁতার কাটা সহজ, কারণ- [BCS: 36th]

(a) সমুদ্রে উঁচু ঢেউ সৃষ্টি হয়।
(b) সমুদ্রের পানির ঘনত্ব বেশি
(c) সমুদ্রের পানির গভীরতা বেশি
(d) সমুদ্রের পানির ঘনত্ব কম

উত্তরঃ (b) সমুদ্রের পানির ঘনত্ব বেশি

ব্যাখ্যাঃ অধিক ঘনত্বের তরলে ভেসে থাকা সহজতর। এতে সাঁতার কাটা সহজ হয়। সমুদ্রের পানির ঘনত্ব তুলনামূলক বেশি হওয়ায় এতে সাঁতার কাটা সহজ।

০৮। Which is the most suitable tool for general carpentry? [BCS: 36th]

(a) 
(b) 
(c) 
(d) 

উত্তরঃ (c) 

০৯। উঁচু রাস্তার পাদদেশ থেকে রাস্তার উপরে উঠতে কী করতে হয়। [BCS: 35th]

(a) সামনের দিকে ঝুঁকতে হয়
(b) হাঁটু কিছুটা ভাঁজ করতে হয়
(c) গোড়ালি উঁচু করতে হয়
(d) সবগুলো

উত্তরঃ (d) সবগুলো

১০। কোনো যান্ত্রিক গিয়ারের চাকা ছোট হলে বড়টির চেয়ে (সংযুক্ত অবস্থায়) ঘুরবে। [BCS: 36th]

(a) আস্তে চলবে
(b) একই ভাবে চলবে
(c) জোরে চলবে
(d) এর কোনটিই নয়

উত্তরঃ (c) জোরে চলবে

অবস্থান নির্ণয়


কতিপয় উদাহরণঃ

০১। একজন লোক একটি নির্দিষ্ট স্থান A থেকে যাত্রা শুরু করে 12 কিলোমিটার উত্তর দিকে গেল এবং সেখান থেকে 5 কিলোমিটার দিকে গেল। যাত্রা শেষে সে A থেকে কত দূরে থাকবে?

(a) 13 কি.মি. (b) 15 কি.মি. (c) 12 কি.মি. (d) 11 কি.মি.

উত্তরঃ (a) 13 কি.মি.

ব্যাখ্যাঃ



এখানে, AB = 12 কি.মি.; BC = 5 কি.মি.; AC = ?

ΔABC হতে, $AC^2 = AB^2 + BC^2 = 12^2 + 5^2$

$= 144 + 25 = 169$


$\therefore AC = \sqrt{169} = 13$

০২। এক ব্যক্তি প্রথমে উত্তর দিকে 4 মাইল, তারপর পূর্ব দিকে 12 মাইল এবং শেষে আবার উত্তর দিকে 12 মাইল গেল। প্রাথমি অবস্থান থেকে সে সোজা কতদূরে গেল? (মাইল)

(a) 17 (b) 20 (c) 21 (d) 24

উত্তরঃ (b) 20

ব্যাখ্যাঃ ধরি, ব্যক্তিটি A অবস্থান হতে 4 মাইল উত্তরে B অবস্থানে গিয়ে সেখান হতে 12 মাইল পূর্বে C তে এবং সেখান হতে মাইল উত্তরে D তে পৌঁছাল। AD = ?



এখানে, AB = CE = 4 মাইল; BC = AE = 12 মাইল;

CD = 12 মাইল

$\therefore DE = CD + CE = (12 + 4)$ মাইল = 16 মাইল

Δ ADE হতে $AD^2 = AE^2 + DE^2 = 12^2 + 16^2 = 400$


$\therefore AD = 20$

০৩। এক ব্যক্তি একস্থান হতে দক্ষিণ দিকে 10 মাইল গেল। আবার সে পূর্ব দিকে 5 মাইল গেল এবং গতি পরিবর্তন করে পুনরায় দক্ষি দিকে 7 মাইল গেল। গন্তব্য ও যাত্রাস্থলের সরাসরি দূরত্ব কত?

(a) 22 (b) 20 (c) 19 (d) 17

উত্তরঃ Blank. (সঠিক উত্তর: 17.72 মাইল)

ব্যাখ্যাঃ



ধরি, ব্যক্তি A স্থান হতে 10 মাইল দক্ষিণে B অবস্থানে; B হতে 5 মাইল পূর্বে C অবস্থানে এবং C হতে 7 মাইল দক্ষিণে অবস্থানে পৌঁছাল। AD = ? এখানে, AB = 10 মাইল; BC + DE = 5 মাইল = 17 মাইল; AE = AB + BE = (10 + 7) = মাইল

ΔADE সমকোণী ত্রিভুজে,

$AD^2 = AE^2 + DE^2 = 17^2 + 5^2 = 289 + 25 = 314$

$AD = \sqrt{314} = 17.72$ মাইল।

বিগত বছরের প্রশ্নসমূহঃ


০১। টুসি স্কুল থেকে বের হয়ে 20 মিটার পূর্ব দিকে হাঁটার পর 10 মিটার দক্ষিণে হাঁটল। এরপর সে 35 মিটার পশ্চিম দিকে হাঁটার পর 5 মিটার উত্তরে হাঁটল। তারপর আবার 15 মিটার পূর্বে দিকে গেল। যাত্রা শুরুর স্থান থেকে গন্তব্যস্থান পর্যন্ত সবচেয়ে কম দূরত্ব কত? **[JnU-B: 18-19]**

(a) 5 মিটার (b) 9 মিটার (c) 8 মিটার (d) 7 মিটার

উত্তরঃ (a) 5 মিটার

ব্যাখ্যাঃ এখানে , AG = BC = 10 মিটার। DE = FG = 5 মিটার।

∴ AF = AG – FG = 10 -5 = 5 মিটার।



০২। দুই জন লোক একটি নির্দিষ্ট জায়গা থেকে বিপরীত দিকে যাত্রা করে চার মিটার যাবার পর দুজনই তাদের বাম দিকে আরো তিন মিটার গেলো। তাদের মাঝের দূরত্ব কত? **[JU-B: 16-17]**

(a) ১০ মিটার (b) ৯ মিটার (c) ৮ মিটার (d) ৭ মিটার

উত্তরঃ (a) ১০ মিটার

০৩। শিবলীর দুই গজ পূর্বে নাহিদ এবং নাহিদের তিন গজ উত্তরে আশিক দাঁড়িয়ে আছে। আশিকের চার গজ পূর্বে সাকিব এবং সাকিবের পাঁচ গজ উত্তরে দাঁড়িয়ে আছে অনিক। কেউ নিজ অবস্থান পরিবর্তন না করলে শিবলী আর অনিকের মধ্যে দূরত্ব কত?

(a) ৬ গজ (b) ১২ গজ (c) ১০ গজ (d) ৮ গজ **[JU-B: 16-17]**

উত্তরঃ (c) ১০ গজ

০৪। রহিম একটি জায়গা থেকে যাত্রা শুরু করে দুই মাইল পূর্বে গিয়ে তারপর দুই মাইল দক্ষিণে গেল। সে আবার চার মাইল পূর্বে গিয়ে পরিশেষে দশ মাইল উত্তরে গেলে তার যাত্রা শুরু থেকে গন্তব্য স্থানের সরাসরি দূরত্ব কত? **[JU-B: 16-17]**

(a) 7 মাইল (b) 8 মাইল (c) 9 মাইল (d) 10 মাইল

উত্তরঃ (d) 10 মাইল

০৫। একজন ব্যক্তি ভ্রমণে ৪ মাইল উত্তরে, ১২ মাইল পূর্বে, তারপর আবার ১২ মাইল উত্তরে যায়। সে শুরুর স্থান থেকে কত মাইল দূরে? **[BCS: 40th]**

(a) ১৭ (b) ২৮ (c) ২১ (d) ২০

উত্তরঃ (d) ২০।

ব্যাখ্যাঃ

এখানে, DE = ১২ + ৪ = ১৬ মাইল


এখন, Δ ADE সমকোণী ত্রিভুজে,

$AD^2 = AE^2 + DE^2$

$\Rightarrow AD^2$=(১২)²+(১৬)²

$\Rightarrow AD^2$=১৪৪+২৫৬

$\Rightarrow AD^2$= ৪০০ ∴ AD=২০ মাইল।



০৬। একজন লোক A অবস্থান থেকে হেঁটে ডান দিকে ১০ ফুট, অতঃপর বামদিকে ২০ ফুট, তারপর বামদিকে ২০ ফুট এবং সবশেষে বামদিকে ২০ ফুট গিয়ে B অবস্থানে পৌঁছাল। A ও B এর মধ্যকার দূরত্ব কত ফুট? **[BCS: 39th]**

(a) ৩০ ফুট (b) ৪০ ফুট (c) ১০ ফুট (d) ২০ ফুট


উত্তরঃ (c) ১০ ফুট।

ব্যাখ্যাঃ

চিত্র হতে, BC = ২০ ফুট

AC = ১০ ফুট

∴ BA = ২০–১০ = ১০ ফুট




০৭। একজন লোক একটি নির্দিষ্ট স্থান A থেকে যাত্রা শুরু করে ১২ কিলোমিটার উত্তর দিকে গেল এবং সেখান থেকে ৫ কিলোমিটার পূর্ব দিকে গেল। যাত্রা শেষে সে A অবস্থান থেকে কত দূরে থাকবে? [BCS: 38th]

(a) ১৭ কি. মি. (b) ১৫ কি. মি. (c) ১৪ কি. মি. (d) ১৩ কি. মি.

উত্তরঃ (d) ১৩ কি. মি.

ব্যাখ্যাঃ



A অবস্থান থেকে দূরত্ব $AC = \sqrt{AB^2 + BC^2}$

$= \sqrt{(১২)^২ + (৫)^২}$

$= \sqrt{১৪৪ + ২৫}$

গাণিতিক যুক্তি

ঐকিক নিয়ম

একটি জিনিসের দাম, ওজন, পরিমাণ ইত্যাদি বের করে নির্দিষ্ট সংখ্যক এই জাতীয় জিনিসের দাম, ওজন, পরিমাণ ইত্যাদি বের করার নিয়মকে ঐকিক নিয়ম বলে।

মনে রাখুন:

- লোকসংখ্যা বা ক্ষমতা বেশি হলে কাজটি সম্পন্ন করতে সেই অনুপাতে কম সময় লাগে।
- লোকসংখ্যা বা ক্ষমতা কম হলে কাজটি সম্পন্ন করতে সেই অনুপাতে বেশি সময় লাগে।
- একই সময়ে কম মানুষ কম কাজ এবং বেশি মানুষ বেশি কাজ করে।
- দিনের সংখ্যা কম হলে কাজ কম হয় দিনের সংখ্যা বেশি হলে কাজ বেশি হয়।
- লোকসংখ্যা দ্বিগুণ হলে সময় অর্ধেক হয়। লোক সংখ্যা অর্ধেক হলে সময় দ্বিগুণ হয়। লোক সংখ্যা স্থির থাকলে কাজ যত বে হয় সময় তত বেশি লাগে।
- নির্দিষ্ট খাদ্য থাকলে, লোকসংখ্যা বেড়ে যত গুন হয় সময় হ্রাস পেয়ে তত ভাগ হয়। লোকসংখ্যা কমে যত ভাগ হয় সময় বে তত গুন হয়।

কতিপয় উদাহরণঃ

০১। 10 জন লোক একটি কাজ 20 দিনে করতে পারে। 4 জন লোকের ঐ কাজটি করতে কতদিন লাগবে?

(a) 25 দিন (b) 24 দিন গ) 30 দিন (d) 16 দিন

উত্তরঃ (a) 25 দিন

ব্যাখ্যাঃ শর্ট টেকনিক :

$m_1 \times d_1 = m_2 \times d_2$

$\Rightarrow d_2 = \frac{m_1 \times d_1}{m_2}$

$= \frac{10 \times 20}{8} = 25$ দিন

এখানে, $m_1 = 10$ জন; প্রথম লোক সংখ্যা
লোক সংখ্যা
$m_2 = 8$ জন; দ্বিতীয় লোক সংখ্যা
$d_1 = 20$ দিন, প্রথম সময়
$d_2 =$ দ্বিতীয় সময়

∴ কাজটি শেষ করতে সময় লাগবে 25 দিন।

০২। যে পরিমাণ খাদ্যে 15 জন লোকের 40 দিন চলে, ঐ পরিমাণ খাদ্যে 20 জন লোকের কতদিন চলবে?

(a) 25 দিন (b) 30 দিন (c) 32 দিন (d) 35 দিন

উত্তরঃ (b) 30 দিন

ব্যাখ্যাঃ শর্ট টেকনিক :

$m_1 \times d_1 = m_2 \times d_2$

$\Rightarrow d_2 = \frac{m_1 \times d_1}{m_2}$

$= \frac{15 \times 40}{20} = 30$ দিন

এখানে, $m_1 = 15$ জন; প্রথম সংখ্যা
$d_1 = 40$; প্রথম সময়
$m_2 = 20$ জন; দ্বিতীয় লোক সংখ্যা
$d_2 =$ দ্বিতীয় সময়

বিগত বছরের প্রশ্নসমূহঃ

০১। দুই ব্যক্তি একটি কাজ একত্রে ৮ দিনে করতে পারে। প্রথম ব্যক্তি একা কাজটি ১২ দিনে করতে পারে। দ্বিতীয় ব্যক্তি একা ঐ কাজটি কত দিনে করতে পারবে? [BCS: 38th]

(a) ২০ দিনে (b) ২৫ দিনে (c) ২৪ দিনে (d) ৩০ দিনে

উত্তরঃ (c) ২৪ দিনে

ব্যাখ্যাঃ

$\frac{ab}{a-b} = \frac{12\times8}{12-8} = \frac{96}{4} = 24$ | এখানে, $a = 12$ এবং $b = 8$

০২। যদি একটি কাজ 9 জন লোক 12 দিনে করতে পারে, অতিরিক্ত 3 জন লোজ নিয়োগ করলে কাজটি কতদিনে শেষ হবে? [BCS: 27th, 24th]

(a) 7 (b) 9 (c) 10 (d) 12

উত্তরঃ (b) 9

ব্যাখ্যাঃ শর্ট টেকনিক:

$m_1 \times d_1 = m_2 \times d_2$

$\Rightarrow d_2 = \frac{m_1 \times d_1}{m_2}$

$= \frac{9\times12}{12} = 9$ দিন ∴ কাজটি শেষ হবে 9 দিনে

এখানে, $m_1 = 9$ জন; প্রথম লোক সংখ্যা
$d_1 = 12$ দিন, প্রথম সময়
$m_2 = (9+3) = 12$; দ্বিতীয় লোক সংখ্যা
d_2 = দ্বিতীয় সময়

০৩। 12 জন শ্রমিক 3 দিনে 720 টাকা আয় করে। তবে 9 জন শ্রমিক সমপরিমাণ টাকা কতদিনে আয় করে? [BCS: 26th]

(a) 4 (b) 5 (c) 6 (d) 7

উত্তরঃ (a) 4

ব্যাখ্যাঃ শর্ট টেকনিক:

$m_1 \times d_1 = m_2 \times d_2$

$\Rightarrow d_2 = \frac{m_1 \times d_1}{m_2}$

$= \frac{12\times3}{9} = 4$ দিন

এখানে, $m_1 = 12$ জন; প্রথম লোক সংখ্যা
$d_1 = 3$ দিন, প্রথম সময়
$m_2 = 9$ জন; দ্বিতীয় লোক সংখ্যা
d_2 = দ্বিতীয় সময়

একত্রে ও পৃথক ভাবে কাজ বিষয়ক সমস্যা:

কতিপয় উদাহরণঃ

০১। স্বপন ও বকুল একটি কাজ পৃথকভাবে যথাক্রমে ২০ দিনে এবং ৩০ দিনে করতে পারে। উভয়ে এক সঙ্গে কাজটি কত দিনে করতে পারবে?

(a) ১০ দিনে (b) ১২ দিনে (c) ১৪ দিনে (d) ১৫ দিনে

উত্তরঃ (b) ১২ দিনে

সংক্ষিপ্ত পদ্ধতিঃ

একত্রে কাজ করতে সময়

$= \frac{AB}{A+B}$

$= \frac{20\times30}{20+30} = \frac{20\times30}{50} = 12$ দিন

$A = 20$ দিন
$B = 30$ দিন

∴ ১২ দিন সময় লাগবে।

০২। ক যে কাজটি 12 দিনে করতে পারে, খ সেটি 15 দিনে এবং গ তা 20 দিনে করতে পারে। ওরা তিন জন একত্রে কাজটি করতে পারে?

(a) 6 দিনে (b) 8 দিনে (c) 4 দিনে (d) 5 দিনে

উত্তরঃ (d) 5 দিনে

সংক্ষিপ্ত পদ্ধতঃ

একত্রে কাজ করতে সময় লাগে $= \frac{ABC}{AB+BC+CA}$

∴ নির্ণেয় সময় =

$\frac{12\times15\times20}{(12\times15)+(15\times20)+(20\times12)}$

$= \frac{3600}{180+300+240} = \frac{3600}{720} = 5$ দিন

বিগত বছরের প্রশ্নসমূহঃ

০১। 5 জন পুরুষ বা 7 জন বালক একটি কাজ 16 দিনে করতে পারে। 6 জন পুরুষ ও 14 জন বালক ঐ কাজ কতদিনে করতে পারবে?

(a) 12 (b) 9 (c) 5 (d) 8 [IU-B: 18-19]

উত্তরঃ (c) 5

ব্যাখ্যাঃ 7 জন বালকের কাজ = 5 জন পুরুষের কাজ

∴ 1 জন বালকের কাজ = $\frac{5}{7}$ " " "

14 জন বালকের কাজ = $\frac{5\times14}{7}$

= 10 জন পুরুষের কাজ

6 জন পুরুষ ও 14 জন বালকের কাজ = (10+6) জন বা 16 জনপুরুষের কাজ

5 জন পুরুষ কাজটি করে 16 দিনে

∴ 1 " " " " = 5×16 "

∴ 16 " " " " = $\frac{5\times16}{16}$ " = 5 দিনে।

০২। ক এবং খ একত্রে মিলে একটি কাজ 12 দিনে করতে পারে। ক একা কাজটি 20 দিনে করতে পারে, খ একা কাজটি করতে পারে-

(a) 25 দিনে (b) 30 দিনে (c) 35 দিনে (d) 40 দিনে [BCS: 26th]

উত্তরঃ (b) 30 দিনে

সংক্ষিপ্ত পদ্ধতিঃ

সময় = $\frac{AB}{A-B}$

এখানে, (A > B)
A = 20 দিন B = 12 দিন

∴ = $\frac{20\times12}{20-12}$

= $\frac{20\times12}{8}$ = 30 দিন

∴ নির্ণেয় সময় 30 দিন

নল ও চৌবাচ্চা বিষয়ক সমস্যা:

কতিপয় উদাহরণঃ

০১। একটি চৌবাচ্চা দুটি নল দ্বারা যথাক্রমে ২০ মিনিটে এবং ৩০ মিনিটে পূর্ণ হতে পারে। নল দুটি এক সঙ্গে খুলে দিলে চৌবাচ্চাটি কত সময়ে পূর্ণ হবে?

(a) 12 মিনিট (b) 15 মিনিট (c) 18 মিনিট (d) 21 মিনিট

উত্তরঃ (a) 12 মিনিট

সংক্ষিপ্ত পদ্ধতিঃ চৌবাচ্চাটি পূর্ণ হবার সময় = $\frac{AB}{A+B}$

∴ নির্ণেয় সময় = $\frac{20\times30}{20+30}$ = $\frac{20\times30}{50}$ = 12 মিনিট

০২। একটি পিপায় দুইটি নল সংযুক্ত আছে। প্রথম নলটি খুলে দিলে খালি পিপাটি 20 মিনিটে পূর্ণ হয়, দ্বিতীয় নলটি খুলে দিলে পরিপূর্ণ পিপাটি 30 মিনিটে খালি হয়। দুইটি নলই এক সঙ্গে খুলে দিলে পিপাটি কত সময়ে পূর্ণ হবে?

(a) 40 মিনিট (b) 90 মিনিট (c) 70 মিনিট (d) 60 মিনিট

উত্তরঃ (d) 60 মিনিট

শর্ট টেকনিক:

সময়, T=$\left(\frac{mn}{n+m}\right)$ × অংশ = ($\frac{3020}{30-20}$ × 1) মিনিট

= 60 মিনিট

m = 20; ১ম নলের সময়, n = 30; ২য় নলের সময়, খালি হলে (-) হবে।

বিগত বছরের প্রশ্নঃ

০১। সম্পূর্ণ খালি একটি চৌবাচ্চা একটি পাইপ দিয়ে 5 ঘন্টায় সম্পূর্ণ ভর্তি করা যায়। দ্বিতীয় একটি পাইপ দিয়ে চৌবাচ্চাটি ভর্তি করতে 3 ঘন্টা লাগে। দুইটি পাইপ একসাথে ব্যবহার করে চৌবাচ্চাটির $\frac{2}{3}$ অংশ ভর্তি করতে কত সময় লাগবে? [BCS: 18th]

(a) $\frac{8}{15}$ ঘন্টা (b) $\frac{3}{4}$ ঘন্টা (c) $\frac{5}{4}$ ঘন্টা (d) $\frac{2}{3}$ ঘন্টা

উত্তরঃ (c) $\frac{5}{4}$ ঘন্টা

ব্যাখ্যাঃ শর্ট টেকনিক: সময়, $T = (\frac{mn}{m+n} \times \text{অংশ})$ ঘন্টা

$= (\frac{5\times3}{5+3} \times \frac{2}{3})$ ঘন্টা $= \frac{5}{4}$ ঘন্টা

m= 5; ১ম নলের সময় n= 3; ২য় নলের সময়

নৌকা ও স্রোত

কতিপয় উদাহরণঃ

০১। স্রোতের প্রতিকূলে কোন ব্যক্তির বেগ ১১ কি.মি./ ঘন্টা এবং স্রোতের অনুকূলে তাঁর বেগ ১৬ কি.মি./ ঘন্টা। স্থির পানিতে নৌকার বেগ ও স্রোতের বেগ নির্ণয় কর।

সংক্ষিপ্ত পদ্ধতিঃ নৌকার বেগ $= \frac{\text{অনুকূলের বেগ+প্রতিকূল বেগ}}{২}$

$= \frac{১৬+১১}{২}$ কি. মি./ ঘন্টা =১৩.৫ কি.মি./ ঘন্টা এবং স্রোতের বেগ $= \frac{\text{অনুকূলের বেগ−প্রতিকূলের বেগ}}{২}$

$= \frac{১৬-১১}{২}$ কি. মি./ ঘন্টা = ২.৫ কি. মি./ ঘন্টা

০২। একজন মাঝি স্রোতেরে অনুকূলে 2 ঘন্টায় 5 মাইল যায় এবং 4 ঘন্টায় প্রাথমিক অবস্থানে ফিরে আসে। তার মোট ভ্রমণে প্রতি ঘন্টায় গড় বেগ কত?

(a) 5/6 (b) 5/3 (c) 15/8 (d) 15/4

উত্তরঃ (b) 5/3

ব্যাখ্যাঃ আমরা জানি,

গড় গতিবেগ $= \frac{\text{যাওয়ার দূরত্ব + আসার দূরত্ব}}{\text{মোট সময়}} = \frac{5+5}{2+4} = \frac{10}{6} = \frac{5}{3}$

বিগত বছরের প্রশ্নঃ

০১। একটি লঞ্চের বেগ 18 কি. মি. এবং স্রোতের বেগ 6 কি. মি.। নৌকাটি 48 কি.মি. পথ গিয়ে ফিরে আসতে কত সময় লাগবে? [BCS: 26th]

(a) 9 ঘন্টা (b) 12 ঘন্টা (c) 10 ঘন্টা (d) 6 ঘন্টা

উত্তরঃ (d) 6 ঘন্টা

ব্যাখ্যাঃ শর্ট টেকনিক;

সময়, $T = \left(\frac{2dx}{x^2-y^2}\right) = \left\{\frac{2\times48\times18}{(18)^2-(6)^2}\right\} = 6$ ঘণ্টা

x = 18; নৌকার বেগ, y = 6; স্রোতের বেগ

d = 48; মোট দূরত্ব

ট্রেন ও প্লাটফর্ম বিষয়ক সমস্যা

কতিপয় উদাহরণঃ

০১। একটি ট্রেন ঘণ্টায় ৬০ কিলোমিটার বেগে চলে। ১০০ মিটার যেতে ট্রেনটির কত সময় লাগবে?

(a) ৬০ সেকেন্ড (b) ১ সেকেন্ড (c) ৬ সেকেন্ড (d) ০.৬ সেকেন্ড

উত্তরঃ (c) ৬ সেকেন্ড

ব্যাখ্যাঃ ৬০ কিলোমিটার = ৬০০০০ মিটার

আমরা জানি, ১ ঘন্টা = ৬০ মিনিট= (৬০ × ৬০) সেকেন্ড

ট্রেনটি ৬০০০০ মিটার যায় = ৩৬০০ সেকেন্ড

∴ ট্রেনটি ১০০ মিটার যায় $= \frac{৩৬০০ \times ১০০}{৬০০০০}$ = ৬ সেকেন্ড

০২। 120 মিটার লম্বা একটি আন্তঃনগর এক্সপ্রেস একটি ল্যাম্প পোস্ট 6 সেকেন্ড অতিক্রম করল ট্রেনটির গতিবেগ কি.মি./ ঘন্টায় বে... কর।

(a) 72 কি./ঘ. (b) 60 কি./ঘ. (c) 50 কি./ঘ. (d) 70 কি./ঘ.

উত্তরঃ (a) 72 কি./ঘ.

ব্যাখ্যাঃ

ল্যাম্প পোস্ট এর দৈর্ঘ্য নগণ্য বিধায় ট্রেনটি ল্যাম্প পোস্ট অতিক্রম করতে গিয়ে মূলত নিজের দৈর্ঘ্যকেই অতিক্রম করবে।

শর্ট টেকনিক : গতিবেগ = $\frac{\text{দূরত্ব}}{\text{সময়}} = \frac{120}{6}$ মিটার/ সেকেন্ড

= 20 মিটার/ সেকেন্ড

= $(20 \times \frac{18}{5})$ কি.মি./ ঘন্টা = 72 কি.মি./ ঘন্টা

০৩। একটি প্লাটফর্মের দৈর্ঘ্য 100 মিটার। 150 মিটার লম্বা একটি ট্রেনকে ঐ প্লাটফর্ম অতিক্রম করতে কত মিটার দূরত্ব অতিক্রম করতে হবে?

(a) 100 (b) 150 (c) 200 (d) 250

উত্তরঃ (d) 250

ব্যাখ্যাঃট্রেনের অতিক্রান্ত দূরত্ব = প্লাটফর্মের দৈর্ঘ্য + ট্রেনের নিজের দৈর্ঘ্য

= (100 + 150) মিটার =250 মিটার

০৪। ঘণ্টায় ৬০ কি. মি. বেগে ১০০ মিটার দীর্ঘ একটি ট্রেন ৩০০ মিটার একটি দীর্ঘ প্লাটফরম অতিক্রম করতে কত সময় লাগবে?

(a) ২৪ সেকেন্ড (b) ২০ সেকেন্ড (c) ২৫ সেকেন্ড (d) ২০ মিনিট

উত্তরঃ (a) ২৪ সেকেন্ড

ব্যাখ্যাঃপ্লাটফর্মটি অতিক্রম করতে হলে ট্রেনটিকে প্লাটফর্মের দূরত্ব ও ট্রেনের দূরত্ব অতিক্রম করতে হবে।

অর্থাৎ, ৩০০ + ১০০ = ৪০০ মিটার অতিক্রম করতে হবে

৬০ কি.মি বা ৬০,০০০ মিটার যায় = ১ ঘণ্টা

বা ৩৬০০ সেকেন্ড

৬০০০০ মিটার যায় = ৩৬০০ সেকেন্ড

$\therefore$ ১ মিটার যায় = $\frac{৩৬০০}{৬০০০০}$ সেকেন্ড

$\therefore$ ৪০০ মিটার যায় = $\frac{৩৬০০ \times ৪০০}{৬০০০০}$ = ২৪ সেকেন্ড

বানর ও তৈলাক্ত বাঁশ:

কতিপয় উদাহরণঃ

০১। একটি বানর একটি তৈলাক্ত বাঁশ বেয়ে উঠতে লাগলো। বানরটি যদি 1 মিনিটে 5 মিটার ওঠে এবং পরবর্তী মিনিটে 1 মিটার নে... পড়ে তবে, 25 মিটার উঁচু বাঁশের মাথায় উঠতে বানরের কত সময় লাগবে?

(a) 9 মিনিট (b) 10 মিনিট (c) 11 মিনিট (d) 12 মিনিট

উত্তরঃ (c) 11 মিনিট

ব্যাখ্যাঃ বানরটি শেষ 1 মিনিটে 5 মিটার উঠবে এবং আর নামবে না।

$\therefore$ বাঁশটির অবশিষ্ট দৈর্ঘ্য, (25-5) = 20 মিটার

বানরটি 1 মিনিটে উঠে 5 মিটার এবং পরবর্তী 1 মিনিটে নামে 1 মিটার

$\therefore$ বানরটি 2 মিনিটে উঠে, (5-1) = 4 মিটার

এখানে, 4 মিনিটে উঠে, 2 মিটার

$\therefore$ " 1 " " $\frac{2}{4}$ "

$\therefore$ " 20 " " $\frac{2 \times 20}{4}$ " = 10 মিনিটে

$\therefore$ বানরটির মোট সময় লাগবে, (10+1) = 11 মিনিট

০২। একটি বানর 92 ফুট উচু একটি তৈলাক্ত বাঁশ বেয়ে উপর উঠতে লাগলো। বানরটি প্রথম মিনিটে 12 ফুট ওঠে, কিন্তু দ্বিতীয় মিনিটে 8 ফুট নেমে যায়। বাঁশের মাথায় উঠতে বানরের কত সময় লাগবে?

(a) 41 (b) 45 (c) 43 (d) 42

উত্তরঃ (a) 41

ব্যাখ্যাঃ বানরটি শেষ 1 মিনিটে 12 ফুট উঠবে এবং আর নীচে নামবে না।

∴ বাঁশটির অবশিষ্ট দৈর্ঘ্য, (92−12) = 80 ফুট

বানরটি 1 মিনিটে উঠে 12 ফুট এবং পরবর্তী 1 মিনিটে নামে 4 ফুট

∴ বানরটি 2 মিনিটে উঠে, (12−8) = 4 ফুট

এখানে, 4 ফুট উঠে, 2 মিনিটে

∴ " 1 " " $\frac{2}{4}$ "

∴ " 80 " " $\frac{2\times80}{4}$ " = 40 মিনিটে

∴ বানরটির মোট সময় লাগবে, (40+1) = 41 মিনিট

অংশীদারী কারবার

কতিপয় উদাহরণঃ

০১। অনিক এবং এনাম যথাক্রমে 22500 টাকা ও 35000 টাকা বিনিয়োগ করে একটি ব্যবসা শুরু করে। ব্যবসায় মোট 13800 টাকা লাভ হলে, এনামের কত লভ্যাংশ হবে?

(a) Tk. 5400 (b) Tk. 7200 (c) Tk. 8400 (d) Tk. 860

উত্তরঃ (c) Tk. 8400

ব্যাখ্যাঃ অনিক এবং এনামের বিনিয়োগ অনুপাত = 22500 : 35000 = 9 : 14

এনামের লভ্যাংশ = (13800 × $\frac{14}{14+9}$) টাকা = 8400 টাকা

০২। P ও Q যথাক্রমে 85,000 টাকা ও 15,000 টাকা বিনিয়োগ করে ব্যবসা শুরু করেন। 2 বছর পরে P ও Q মুনাফা কি অনুপাত পাবে?

(a) 3:4 (b) 15:23 (c) 3:5 (d) None of these

উত্তরঃ (d) None of these

ব্যাখ্যাঃ অংশীদারী কারবারে মুনাফা বিনিয়োগের অনুপাতে বণ্টিত হয়।

তাদের মুনাফার অনুপাত = P এর বিনিয়োগ : Q এর বিনিয়োগ = 85,000 : 15, 000 = 17: 3

বয়স সংক্রান্ত সমস্যা

কতিপয় উদাহরণঃ

০১। পিতার বর্তমান বয়স পুত্রের বয়সের তিনগুন। ৫ বছর আগে পিতার বয়স পুত্রের বয়সের 8 গুন ছিল। পিতা ও পুত্রের বর্তমান বয়স কত বছর?

(a) ৪৮,১৬ (b) ২৪,৮ (c) ৪৫,১৫ (d) ৩৬,১২

উত্তরঃ (c) ৪৫,১৫

ব্যাখ্যাঃ পিতার বর্তমান বয়স ৩x বছর হলে পুত্রের বর্তমান বয়স x বছর ৫ বছর আগে পিতা ও পুত্রের বয়স ছিল যথাক্রমে (৩x - ৫) ও (x - ৫) বছর;

শর্তমতে, ৩x -৫

= 8 (x - ৫) ∴ x =১৫

